সংবাদ

তারিখ ... 23 APR 2003
পৃষ্ঠা ... ১২ কলাম ... [illegible]

# রা.বি'র সঙ্গীত ও নাট্যকলায় স্থায়ী শিক্ষক নিয়োগের আন্দোলন

জাহাঙ্গীর আলম আকাশ, রাজশাহী ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নাটক শাখার শিক্ষার্থীরা স্থায়ী শিক্ষক নিয়োগের দাবিতে আন্দোলন শুরু করেছে। আন্দোলনের অংশ হিসেবে ক্লাস বর্জন ও বিভাগীয় কার্যালয়ে তালা লাগানো হয়েছে। কর্তৃপক্ষ অবিলম্বে স্থায়ী শিক্ষক নিয়োগ করা হবে এমন আশ্বাস দিয়ে শিক্ষার্থীদের মাধ্যমে গতকাল মঙ্গলবার তালা খুললেও শিক্ষার্থীরা কোন ক্লাশ করেনি। শিক্ষকের অভাবে নাট্য শাখার প্রায় ৪০ জন শিক্ষার্থীর ক্লাস হচ্ছে না প্রায় ১৪ মাস ধরে। ফলে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। রাজশাহী বিশ্ববিদ্যালয় সঙ্গীত ও নাট্যকলা বিভাগের নাটক শাখায় পারফরমিং আর্টের স্থায়ী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ফরমালিটির অজুহাত দেখিয়ে ক্রাইসিস সৃষ্টি করে খন্ডকালিন শিক্ষক হিসেবে দলীয় লোককে নিয়োগ দেয়ার প্রক্রিয়া চলছে বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, নাট্য শাখায় ফরহাদুজ্জমান ও আরিফ হায়দার নামে দু'জনকে স্থায়ী শিক্ষক হিসেবে সিলেকশন প্রদান করা হয়। সেই সিলেকশন অনুমোদন করে সিন্ডিকেট। কিন্তু বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসন এসে সিন্ডিকেটে অনুমোদিত শিক্ষকদ্বয়ের নিয়োগের বিষয়টি পুনরায় সিন্ডিকেটে রেফার ব্যাক করেন, যা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে নজিরবিহীন ঘটনা বলে জানা গেছে। সিন্ডিকেট ফরহাদ ও আরিফের নিয়োগ বাতিল করে দেয়। গত বছরের জুলাই মাস হতে নাট্য শাখা শিক্ষকশূন্য হয়ে যায়। চারুকলা সংশ্লিষ্ট একজন মাত্র শিক্ষক দিয়েই চলতে থাকে নাট্য শাখার কার্যক্রম। ফলে ব্যবহারিক ক্লাস বন্ধ হয়ে যায়।

নিয়োগ ঃ পৃঃ ১১ কঃ ৫

## নিয়োগ ঃ শিক্ষক

( ১২ পৃষ্ঠার পর )

সংশ্লিষ্ট সূত্রমতে, গত বছরে নাট্য শাখায় একজন স্থায়ী শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞাপন আহবান করা হয়। ওই বছরের অক্টোবর মাসের শেষ সপ্তাহে বিভাগীয় প্ল্যানিং কমিটি ৪ জন যোগ্য প্রার্থীকে বাছাই করেন। এরপর থেকে বিশেষজ্ঞের মতামত না পাওয়ার অজুহাতে নিয়োগ প্রক্রিয়া বিলম্বিত হতে থাকে। আজও সেই নিয়োগ সম্পন্ন হয়নি। নাম প্রকাশে অনিচ্ছুক একটি দায়িত্বশীল সূত্র জানায়, বিভাগীয় প্ল্যানিং কমিটি আবেদনপত্র বাছাইকালে মোস্তাফিজুর রহমান নামে এক প্রার্থীকে অযোগ্য বিবেচনা করে বাদ দিয়েছিলেন। তিনি সঙ্গীত ও নাট্যকলা বিভাগে সদ্যনিযুক্ত শিক্ষক মাফরুহার স্বামী। মাফরুহা ফোক বিষয়ের হলেও তাকে নজরুলসঙ্গীতের লোক হিসেবে নিয়োগ দেয়া হয় বলেও অভিযোগ রয়েছে।